# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
## ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়, কোম্পানী সচিবালয়
## মাসিক সমন্বয় সভা (৩য়) এপ্রিল, ২০১৯-এর কার্যবিবরণী
**www.bapex.com.bd**

কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে গত ২৫ এপ্রিল, ২০১৯ তারিখে বাপেক্স বোর্ডরুমে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত মহাব্যবস্থাপকবৃন্দ, প্রকল্প পরিচালকবৃন্দ ও সংশ্লিষ্ট উপমহাব্যবস্থাপকগণ উপস্থিত ছিলেন। সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বাপেক্সের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণকে তাদের উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে আরও আন্তরিকতার সাথে পালনের অনুরোধ জানান। সেই সাথে প্রকল্পসহ সকল বিভাগ ও উপবিভাগের কাজের গতিশীলতা বৃদ্ধিসহ নির্দিষ্ট সময়ে প্রকল্পের কাজ সমাপ্ত এবং অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের উপর গুরুত্বারোপ করেন। আলোচনার শুরুতে তিনি মহাব্যবস্থাপক ও কোম্পানী সচিব মহোদয়কে পূর্ববর্তী মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতী পর্যালোচনাসহ সভার কার্যক্রম শুরু করার নির্দেশনা প্রদান করেন। অতঃপর দফা ওয়ারী আলোচনাসহ নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়কারী বিভাগ |
|---|---|---|---|---|
| ১। | পদোন্নতি সংক্রান্ত | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সভার শুরুতে, বাপেক্সের কর্মকর্তাগণের পদোন্নতি দেয়ার ক্ষেত্রে পূর্ববর্তী মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের বিষয়ে সভাকে এ মর্মে অবহিত করেন যে, পদোন্নতি প্রদানের জন্য প্রনীতব্য জ্যেষ্ঠতার তালিকা 'যোগদান' না 'মেধার' ভিত্তিতে হবে এ বিষয়ে স্পষ্টীকরণের জন্য বিস্তারিত উল্লেখ করে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে। পেট্রোবাংলা হতে দ্রুততম সময়ে মতামত সংগ্রহপূর্বক প্রয়োজনীয় মূল্যায়ন কার্যক্রম সম্পন্নের জন্য সময় বৃদ্ধি করে চলমান পদন্নোতি প্রক্রিয়া স্বল্পতম সময়ে সম্পন্ন করা হবে। এ লক্ষ্যে পূর্ব প্রস্তুতি হিসেবে সকলের এসিআর আপডেট করার জন্য প্রশাসন বিভাগকে নির্দেশনা প্রদান করেন।<br><br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বলেন, যে পদ্ধতিতেই হোক সর্বোচ্চ সংখ্যক কর্মকর্তাকে পদোন্নতি প্রদানের ব্যবস্থা নিতে হবে। | বাপেক্সের কর্মকর্তাদের পদোন্নতি প্রদানের লক্ষ্যে পূর্ব প্রস্তুতি হিসেবে সকল কর্মকর্তা ও কর্মচারীর এসিআর দ্রুততম সময়ের মধ্যে আপডেট করার জন্য প্রশাসন বিভাগকে নির্দেশনা প্রদান করা হলো। এছাড়াও মূল্যায়ন কমিটি গঠনের লক্ষ্যে মন্ত্রণালয়, পেট্রোবাংলা ও বাহিরের সংস্থার প্রতিনিধি মনোনয়নের জন্য প্রশাসন বিভাগ পত্র প্রেরণ করবে। | প্রশাসন বিভাগ এবং সকল মহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক। |
| ২। | গাড়ী বরাদ্দ প্রদান সংক্রান্ত | এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বলেন যে, উর্দ্ধতন কর্মকর্তাগণের পদোন্নতি প্রক্রিয়া সম্পন্ন না হওয়ার প্রেক্ষিতে পূর্ববর্তী (১ম সভা) সভার সিদ্ধান্ত বাতিল করা হয়েছে এবং বাপেক্সের কর্মকর্তাগণের জ্যেষ্ঠতার ভিত্তিতে যথানিয়মে গাড়ী বরাদ্দ প্রদান করার উপর গুরুত্ব আরোপ করেন। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্রকৌশল) ও প্রকল্প পরিচালক (রূপকল্প-১), মহাব্যবস্থাপক (খনন) ও প্রকল্প পরিচালক (রূপকল্প-২), প্রকল্প পরিচালক (৩ডি সাইসমিক প্রকল্প) সভায় নতুন গাড়ী ক্রয়ের অনুরোধ জানালে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সভাকে অবহিত করেন যে, যদিও বর্তমান অর্থ বছরের বাজেটে গাড়ী ক্রয় খাতে ৫.০০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে; তথাপি কোম্পানীর অরগানোগ্রাম অনুযায়ী অনুমোদিত TOE-এর বাহিরে সরকারি নিয়মানুযায়ী গাড়ী ক্রয়ের কোন সুযোগ নাই। তাছাড়া গাড়ী ক্রয়ের ক্ষেত্রে পরিচালনা পর্ষদের অনুমোদন প্রয়োজন হয়। এমতাবস্থায় অরগানোগ্রাম সংশোধন করা অধিক যৌক্তিক হবে। | বাপেক্সের কর্মকর্তাগণের জ্যেষ্ঠতার ভিত্তিতে যথানিয়মে গাড়ী বরাদ্দ প্রদান করতে হবে। | প্রশাসন বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত। | ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে মহাব্যবস্থাপক ও কোম্পানী সচিব রূপকল্পের সাথে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/ প্রতিনিধিগণকে স্ব-স্ব প্রকল্পের অগ্রগতি অবহিত করার জন্য অনুরোধ জানান। | | স্ব-স্ব প্রকল্প পরিচালক |
| | | প্রকল্প পরিচালক (রূপকল্প-১), জনাব মোঃ মিজানুর রহমান চৌধুরী সভাকে অবহিত করেন যে, প্রকল্প এলাকায় রিগ স্থানান্তর করতে টাকা প্রয়োজন। এ বিষয়ে পরিচালক (অপারেশন) এসমস্ত কাজে আর্থিক খরচ বাপেক্স থেকে প্রদান করা যায় কিনা এবং মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে বাপেক্স-এর হিসাবে অর্থ স্থানান্তরের বিষয়টি খতিয়ে দেখার অনুরোধ করেন। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) বাপেক্স হতে প্রকল্পে প্রায় ১২ কোটি টাকা অর্থ সংস্থান করা সম্ভব নয়। তাছাড়া অর্থ স্থানান্তর/ প্রদানের জন্য বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রকল্পের এহেন অগ্রগতিতে অসন্তোষ প্রকাশ করেন। | প্রকল্প পরিচালককে প্রকল্পের অগ্রগতির জন্য দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | প্রকল্প পরিচালক (রূপকল্প-১) |
| | | প্রকল্প পরিচালক (রূপকল্প-২), জনাব জহুরুল ইসলাম বলেন যে, সকার-এর সাথে স্বাক্ষরিত চুক্তি মোতাবেক তাদের দাখিলকৃত বিল পরিশোধের ক্ষেত্রে যে জটিল পরিস্থিতির সৃষ্টি হয়েছিল তার অবসান হয়েছে। পরিচালনা পর্ষদের ৪১১তম সভায় এতদ্‌বিষয়ে কার্যপত্র উপস্থাপন করা হলে সভায় নীতিগত অনুমোদন পাওয়া যায়। তাছাড়া প্রকল্পের আরডিপিপি অনুমোদিত হয়েছে। অর্থ ছাড়ের প্রক্রিয়াও সম্পন্ন হয়েছে। তবে প্রকল্প পরিচালক এ অসাধ্য সাধনের জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে আন্তরিকভাবে ধন্যবাদ জানন। তিনি সভাকে আরও অবহিত করেন যে, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অশেষ চেষ্টা, যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ এবং অক্লান্ত পরিশ্রমের ফলে জটিল অবস্থা হতে উত্তরণ করা সম্ভব হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এ প্রকল্প হতে অন্যান্য প্রকল্প পরিচালকদের শিক্ষা গ্রহণের অনুরোধ জানান। | প্রকল্প পরিচালক (রূপকল্প-২) কে প্রকল্পের অগ্রগতির জন্য দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | প্রকল্প পরিচালক (রূপকল্প-২) |
| | | প্রকল্প উপ-পরিচালক (রূপকল্প-৩), সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আরডিপিপি অনুমোদিত হয়েছে এবং মন্ত্রণালয়ের সুপারিশে জুন, ১৮ এর পত্রে কসবা-১ খনন কূপের জন্য খরচকৃত ১২৭০.৭৫ লক্ষ টাকা বাপেক্সের নিজস্ব তহবিল হতে খরচের নির্দেশনা রয়েছে। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) সভাকে জানান যে, বাপেক্স হতে প্রকল্পে প্রায় ১২ কোটি টাকা অর্থ সংস্থান করা সম্ভব নয়। তাছাড়া অর্থ স্থানান্তর/ প্রদানের জন্য বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় মন্ত্রণালয়ের পত্র অবলোকনপূর্ব মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) এর সাথে দ্বিমত পোষণ করেন এবং প্রয়োজনীয় অর্থ বাপেক্সের রাজস্ব খাত হতে নির্বাহের বিষয়টি বোর্ডের অনুমোদন গ্রহণের জন্য কার্যপত্র উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রণালয়ের সুপারিশের আলোকে প্রয়োজনীয় অর্থ বাপেক্সের রাজস্ব খাত হতে নির্বাহের বিষয়টি বোর্ডের অনুমোদন গ্রহণের জন্য কার্যপত্র উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হলো। | প্রকল্প পরিচালক (রূপকল্প-৩) ও মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রকল্প পরিচালক (রূপকল্প-৫) সভাকে অবহিত করেন যে, নির্দেশনা মোতাবেক বিগত ২৩-০৪-২০১৯ এবং ২৫-০৪-২০১৯ তারিখে পত্র মারফত সকারকে প্রকল্পের কার্যক্রম বিষয়ে আলোচনার অনুরোধ জানানো হলে সকার ০২-০৫-২০১৯ তারিখে আলোচনা করতে আগ্রহ প্রকাশ করে পত্র প্রদান করে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বিষয়টি অবহিত হয়ে সন্তোষ প্রকাশ করেন এবং যেহেতু উক্ত প্রকল্পে **Directional Drilling** করার প্রয়োজন হবে, সেক্ষেত্রে আরডিপিপি-তে প্রকল্প ব্যয় আনুমানিক ৯.০০ লক্ষ মাঃ ডঃ অন্তভর্ভুক্ত করে চুক্তি সংশোধন করার পরামর্শ প্রদান করেন। | প্রকল্প পরিচালককে প্রকল্পের অগ্রগতির জন্য দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | প্রকল্প পরিচালক (রূপকল্প-৫) |
| | | প্রকল্প পরিচালক (রূপকল্প-৯: ২ডি সাইসমিক) জনাব তারিকুল ইসলাম বলেন যে, প্রকল্পের ডিপিপি অনুযায়ী আলোচ্য অর্থবছরে লক্ষ্যমাত্রা অর্জিত হবে। প্রকল্পের অগ্রগতী সন্তোষজনক। তবে প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন করতে বেশী সময়ের প্রয়োজন হবে মর্মে সভাকে অবহিত করেন। | প্রকল্প পরিচালককে প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন দ্রুত সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | প্রকল্প পরিচালক (রূপকল্প-৯) |
| | | ৩ডি সাইসমিক প্রকল্পের প্রতিনিধি বলেন যে, সর্বমোট ২৭০০ লাইন কি.মি. সাইসমিক করার কথা ছিল। কিন্তু এ পর্যন্ত ২৪০০ লাইন কি.মি. সাইসমিক করা হয়েছে। আরডিপিপি সংশোধনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। সংশোধন হলে অবশিষ্ট ৩৫০ লাইন কি. মি. সাইসমিক কার্য সম্পন্ন করা সম্ভব হবে। | | প্রকল্প পরিচালক (৩ ডি সাইসমিক প্রকল্প) |
| | | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জনাব মইনুল হোসেন, উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ)-কে নতুনভাবে ১টি প্রকল্প প্রস্তাব প্রস্তুত (**DPP**) করার নির্দেশনা দেন। | | উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) |
| ৪। | পূর্ত কার্যক্রম বিষয়ক | নির্মাণ বিভাগের প্রতিনিধি জনাব তারেক আহমেদ বলেন, প্রকল্পসমূহের পুর্ত কাজ এগিয়ে চলছে। পূর্ত কাজ তদারকির জন্য ডিজিএম (সিভিল) প্রকল্প স্থল পরিদর্শনরত আছেন। | চলমান প্রকল্পসমূহের নির্মাণ কাজ যথা সময়ে এবং দ্রুত শেষ করার নির্দেশনা প্রদান করা হলো। | নির্মাণ বিভাগ |
| ৫। | স্টোর ইনভেন্টরী সংক্রান্ত | উপমহাব্যবস্থাপক (আইসিটি) সভাকে এ মর্মে অবহিত করেন যে, এ বিষয়ে ইতোমধ্যে ডাটা ইনপুটপূর্বক ই-স্টোর ইনভেন্টরীর কাজ শুরু হয়েছে এবং ই-স্টোর ইনভেন্টরীর জন্য **Software** এর উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখ্য ই-স্টোর ব্যবস্থাপনার বিষয়টি গত পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপন করা হয় এবং বিষয়টি বোর্ডকর্তৃক প্রশংসিত হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ই-স্টোর ইনভেন্টরীর কাজ আরো কার্যকরী করার জন্য **Store Accounts** সম্পৃক্ত করে অভিন্ন কোডিং প্রচলনের উদ্দেশ্যে **Software** আপগ্রেড করার নির্দেশনা প্রদান করেন। | ই-স্টোর ইনভেন্টরীর কাজ আরো কার্যকরী করার জন্য **Store Accounts,** প্রকিউরমেন্ট ও এইচ আর মডিউল সংগ্রহ করতে হবে। | পরিকল্পনা বিভাগ (আইসিটি উপবিভাগ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬। | ই-নথি সংক্রান্ত | ই-নথি ব্যবস্থাপনা বিষয়ে উপমহাব্যবস্থাপক (আইসিটি) বলেন, জানুয়ারিতে ই-নথি ব্যবস্থাপনায় বাপেক্স-এর অবস্থান ছিল ৬ষ্ঠ। কিন্তু ফেব্রুয়ারিতে বাপেক্সের অবস্থান হয়েছে ১২তম। বিষয়টি অবহিত হয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ই-নথি ব্যবহারে কর্মকর্তাগণকে আরও উদ্যোগী হওয়ার আহ্বান জানান। সেই সাথে ই-নথি ব্যবস্থাপনায় বাপেক্সের অবস্থান পূর্বের চেয়ে ভালো অবস্থানে পৌঁছার আশাবাদ ব্যক্ত করেন। | ই-নথি ব্যবহারের জন্য বাপেক্স-এর ইন্টারনেট স্পীড বৃদ্ধি করতে হবে। | পরিকল্পনা বিভাগ (আইসিটি উপবিভাগ) |
| ৭। | মামলা সংক্রান্ত অগ্রগতি | Law Cell এর আহ্বায়ক মহোদয় কোম্পানীর চলমান মামলাসমূহের বর্তমান অবস্থা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে অবহিত করা হয়। তিনি মামলা সংক্রান্ত সকল কার্যক্রম মনিটরিং এর উপর গুরুত্ব আরোপ করেন। সেই সাথে তিনি মামলা সংক্রান্ত তথ্য প্রদান এবং অডিট আপত্তি নিস্পত্তি সংক্রান্ত তথ্য প্রদানের ক্ষেত্রে ব্যবহৃত ধরণ মানধাতার আমলের উল্লেখ করে তিনি নতুন ফরমেটে তথ্য প্রদানের নির্দেশ দেন। | মামলা সংক্রান্তে তথ্য প্রদানের ক্ষেত্রে ব্যবহৃত মানধাতার আমলের ধরণ বাদ দিয়ে নতুন ফরমেটে প্রতিবেদন দাখিল করতে হবে। | Law Cell এর আহ্বায়ক ও সদস্য সচিব। |
| ৮। | Lay of কৃত কূপ/ জমি গ্রহণ/ প্রত্যর্পণ বিষয়ক | এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ০৫-০২-২০১৯ তারিখে এতদসংক্রান্তে গঠিত কমিটির কাজের অগ্রগতি বিষয়ে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (নির্মাণ) সভাকে এ মর্মে অবহিত করেন যে, সংশ্লিষ্ট কমিটির সদস্যবৃন্দ সেমুতাং সাউথ # ১, কসবা # ১ ও সালদা নর্থ # ১ সরেজমিনে পরিদর্শন করেছে। এ সকল গ্যাসক্ষেত্রে কতটুকু ভূমি/জমি রাখা দরকার এবং কতটুকু জায়গা অবমুক্ত করা সম্ভব হবে সে বিষয়ে সবগুলো কূপ এলাকা সরেজমিনে পরিদর্শন শেষে সংশ্লিষ্ট কমিটির সদস্যবৃন্দ প্রতিবেদন দাখিল করতে সক্ষম হবে। ব্যববস্থাপনা পরিচালক মহোদয় বিষয়টি অবহিত হয়ে অসন্তোষ প্রকাশ করেন এবং দ্রুত কার্য সম্পাদনের নির্দেশনা প্রদান করেন। | Lay of কৃত কূপ/ জমি গ্রহণ/ প্রত্যর্পণ বিষয়ে কোথায় কতটুকু ভূমি/জমি রাখা দরকার এবং কতটুকু জায়গা অবমুক্ত করা সম্ভব হবে সংশ্লিষ্ট কমিটিকে অতিসত্ত্বও প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করন। | উপমহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৯। | অডিট আপত্তি নিস্পত্তি বিষয়ক | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কোম্পানীর অডিট আপত্তির সংখ্যা সংক্রান্ত তথ্য জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) সভাকে অবহিত করেন যে, ১২টি অডিট আপত্তি নিস্পত্তি করা হয়েছে। আরো ২১টি নিস্পত্তির পথে। তাছাড়া ১৩টি অডিট আপত্তি নিস্পত্তির জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ৩৫টি অডিট আপত্তি সি এ জি বরাবর প্রেরণ করা হয়েছে। নিস্পত্তির বিষয়ে প্রতি মাসে একটি সভার আয়োজন করে সংশ্লিষ্ট ব্যক্তি/ ব্যক্তিবর্গের সহযোগীতায় জবাব প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন। সেই সাথে তিনি অডিট আপত্তি নিস্পত্তি সংক্রান্ত তথ্য প্রদানের ক্ষেত্রে ব্যবহৃত মানধাতার আমলের ধরণ পরিহার করে নতুন ফরমেটে তথ্য প্রদানের নির্দেশ প্রদান করেন। | কোম্পানীর অডিট আপত্তি নিস্পত্তির বিষয়ে মাসিক একটি সভার আয়োজন করে সংশ্লিষ্ট ব্যক্তি/ ব্যক্তিবর্গের সহযোগীতায় জবাব প্রস্তুত করার নির্দেশনা প্রদান করা হলো। | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |
| ১০। | মানব সম্পদ উন্নয়ন বিষয়ক | মানব সম্পদ উন্নয়ন বিষয়ে পরিকল্পনা বিভাগের এইচআরএম উপবিভাগ সভাকে এ মর্মে অবহিত করে যে, মানব সম্পদ উন্নয়নের জন্য ইতোমধ্যে বেশ কিছু বৈদেশিক প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তাছাড়া পূর্ববর্তী সভার সিদ্ধান্ত অনুযায়ী বাপেক্স-এর সকল স্থায়ী কর্মকর্তা-কর্মচারীদের জন্য ইতোমধ্যে শ্রম | কর্মকর্তাদের জন্য আরও স্থানীয় প্রশিক্ষণের পাশাপাশি বৈদেশিক প্রশিক্ষণের আয়োজন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। | পরিকল্পনা বিভাগ (HRM উপবিভাগ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আইন বিষয়ের উপর স্থানীয় প্রশিক্ষণের আয়োজনের করা হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্মকর্তাদের জন্য বৈদেশিক প্রশিক্ষণের আয়োজন করতে পারলে সবার মধ্যে কর্ম স্পৃহা বৃদ্ধি পাবে উল্লেখ করে তিনি এ বিষয়ে পরিকল্পনা বিভাগের এইচআরএম উপবিভাগকে আরও উদ্যোগী ভূমিকা পালনের প্রতি গুরুত্ব আরোপ করেন। | | |
| ১১। | রূপগঞ্জ গ্যাসক্ষেত্রের জমি রেজিস্ট্রি করণ সংক্রান্ত | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় রূপগঞ্জ গ্যাসক্ষেত্রের জন্য সাময়িকভাবে বরাদ্দ নেয়া জমি অবিলম্বে বাপেক্স এর নামে রেজিস্ট্রি দলিল করার জন্য নির্দেশনা বিষয়ে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (নির্মাণ) সভাকে অবহিত করেন যে, উক্ত জমি রেজিষ্ট্রেশন করতে প্রায় দেড় লক্ষ টাকার প্রয়োজন হবে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বিষয়টি অবহিত হয়ে উপমহাব্যবস্থাপক (নির্মাণ) এবং উপমহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক (৩ডি সাইসমিক প্রকল্প) কে আগামী ১৫ কর্ম দিবসের মধ্যে উক্ত রেজিষ্ট্রেশন কার্য সম্পাদনের নির্দেশ দেন। | উপমহাব্যবস্থাপক (নির্মাণ) এবং উপমহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক (৩ডি সাইসমিক প্রকল্প)-কে আগামী ১৫ কর্ম দিবসের মধ্যে উক্ত রেজিস্ট্রি করণের কাজ সম্পন্নের নির্দেশ দেওয়া হলো। | নির্মাণ বিভাগ |
| ১২। | GTO কমিটি বিষয়ক | ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ভবিষ্যৎ কূপ খননের লক্ষ্যে GTO প্রস্তুতের কাজ ত্বরান্বিত করার প্রয়োজনীয়তা উল্লেখ করে পূর্ববর্তী সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে প্রতিবেদন দাখিলের জন্য (১) মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব), (২) মহাব্যবস্থাপক (ডাটা ম্যানেজমেন্ট), (৩) মহাব্যবস্থাপক (পরীক্ষাগার) ও (৪) মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস)-এর সমন্বয়ে ৪ সদস্য বিশিষ্ট কমিটিকে বর্ণিত কাজ সম্পাদনের জন্য ১২ সদস্যের ১টি দল (করনীয়সহ) গঠনের প্রস্তাব সম্বলিত সুপারিশ ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর দাখিলের নির্দেশ দেন। | গঠিত কমিটিকে পুনঃ কার্য সম্পাদনের নির্দেশনা প্রদান করা হলো। | প্রশাসন বিভাগ |
| ১৩। | অবসর প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের ২য় তলায় বসার জন্য রুম বরাদ্দ সংক্রান্ত | পূর্ববর্তী সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী অবসর প্রাপ্ত (আনুমানিক ১২ জন) কর্মকর্তা-কর্মচারীদের ২য় তলায় বসার জন্য রুম বরাদ্দ সংক্রান্ত বিষয়ে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (নির্মাণ) সভাকে অবহিত করেন যে, ইতোপূর্বে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ২য় তলায় অবসর প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের বসার জন্য রুম বরাদ্দ প্রদান করা হয়েছে। এমতাবস্থায় উক্ত রুমটির জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বিষয়টি অবহিত হয়ে টেকনিক্যাল পার্সোনদের সমন্বয়ে রুমটি ডিজাইন করে সে অনুযায়ী আসবাবপত্র দ্বারা রুমটি সুসজ্জিত করণের নির্দেশ দেন। | অবসর প্রাপ্ত (আনুমানিক ১২ জন) কর্মকর্তা-কর্মচারীদের বসার জন্য ২য় তলায় বরাদ্দ প্রদানকৃত রুমটি টেকনিক্যাল পার্সোনদের সমন্বয়ে ডিজাইন করে সে অনুযায়ী আসবাবপত্র দ্বারা রুমটি সুসজ্জিত করণের নির্দেশ প্রদান করা হলো। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪। | বিবিধ: (১)<br>বাপেক্স ভবন-এর জমি রেজিস্ট্রেশন সংক্রান্ত | সভায় উপস্থিত পরিচালক, মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও উপমহাব্যবস্থাপকগণ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে এ মর্মে অবহিত করেন যে, বাপেক্স ভবন, ৪ কাওরানবাজার এর প্লট/জমিটি অদ্যবধি বাপেক্সের নামে রেজিষ্ট্রেশন করা হয়নি। বিষয়টি হতাশাব্যঞ্জক। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বিষয়টি অবহিত হয়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (নির্মাণ) কে এতদ্বিষয়ে পত্র প্রস্তুত করে পেট্রোবাংলায় প্রেরণের নির্দেশ দেন। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (নির্মাণ) কে এতদ্বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের পরামর্শ অনুযায়ী পত্র প্রস্তুত করে পেট্রোবাংলায় প্রেরণের নির্দেশনা প্রদান করা হলো। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (নির্মাণ) |
| | বিবিধ: (২)<br>কমপ্রেসর ও প্রসেস প্ল্যান্ট ক্রয় সংক্রান্ত | মহাব্যবস্থাপক(উৎপাদন) কমপ্রেসর ক্রয় বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে এ মর্মে অবহিত করেন যে, বিগত ১০-০৪-২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪১১তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি প্রস্তুতের কাজ চলমান রয়েছে। **Fizibility Study** এর কাজও চলমান রযেছে। ইতোপূর্বে ২ বার **Fizibility Study** করা হয়েছে। নতুন যে **Fizibility Study** এর কাজ চলছে তার প্রতিবেদন আগামী সপ্তাহে দাখিল করা সম্ভব হবে বলে আশা করা যায়।<br>প্রসেস প্ল্যান্ট ক্রয় সংক্রান্ত বিষয়ে তিনি সভাকে অবহিত করেন যে, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে খসড়া কার্যপত্র প্রস্তুত করা হয়েছে। | কমপ্রেসর ক্রয় বিষয়ে পরিচালনা পর্ষদের ৪১১তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি প্রস্তুতের লক্ষ্যে **Fizibility Study** এর প্রতিবেদন আগামী সপ্তাহের মধ্যে দাখিলের নির্দেশ প্রদান করা হলো। | মহাব্যবস্থাপক (উৎপাদন) |
| | বিবিধ: (৩)<br>কনডেনসেট সংরক্ষণ সংক্রান্ত | মহাব্যবস্থাপক(উৎপাদন) সুন্দরবন গ্যাস কোম্পানী লিঃ এর কনডেনসেট বাপেক্স-এর নিকট জমা রাখার বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে এ মর্মে অবহিত করেন যে, সুন্দরবন গ্যাস কোম্পানী লিঃ গ্যাসের সাথে উৎপাদিত কনডেনসেট বাপেক্স-এর রিজারভারে জমা রাখছে। এ নিয়ে ভবিষ্যতে অডিট আপত্তি হতে পারে। তাছাড়া কনডেনসেট রিজার্ভের ব্যাপারও আছে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বিষয়টি অবহিত হয়ে বিনা চার্জে সুন্দরবন গ্যাস কোম্পানীর কনডেনসেট বাপেক্সের রিজার্ভারে রাখার বিষয়ে সুন্দরবন গ্যাস কোম্পানী লিঃ-কে পত্র প্রেরণর নির্দেশনা প্রদান করে। | সুন্দরবন গ্যাস কোম্পানীর কনডেনসেট বাপেক্সের রিজার্ভারে রাখার বিষয়ে সুন্দরবন গ্যাস কোম্পানী লিঃ-কে পত্র প্রেরণর নির্দেশনা প্রদান করা হলো। | মহাব্যবস্থাপক (উৎপাদন) |

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপস্থিত সর্বস্তরের কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০.৭.২০১৯

(মীর মোঃ আব্দুল হান্নান)
ব্যবস্থাপনা পরিচালক

বিতরণঃ

১। পরিচালক ....................................
২। মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/প্রকল্প পরিচালক ..............................
৩। অফিস কপি।

অনুলিপি ঃ

১। উপব্যবস্থাপক (সমন্বয়), চেয়ারম্যান শাখা, পেট্রোবাংলা, ৩ কাওরান বাজার বা/এ, ঢাকা।